

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
নির্মাণ অধিশাখা

স্মারক নং ৪৫.০০.০০০০.১৫৬.০৬.০৪১.১৯-৭৫

তারিখ: ২১ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
০৪ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিজস্ব সার্কেল অফিস, বিভাগীয় অফিস, জেলা কার্যালয় নির্মাণ কাজ বাস্তবায়নের নিমিত্ত HED'র নিজস্ব পুরাতন ভবন বিক্রয় ও অপসারণের লক্ষ্যে কমিটি গঠন


সূত্র: স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পত্র নং-১৭১, তারিখ- ১৬/০১/২০২০ খ্রিঃ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগাধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিজস্ব সার্কেল অফিস, বিভাগীয় অফিস, জেলা কার্যালয় নির্মাণ কাজ বাস্তবায়নের নিমিত্ত HED'র নিজস্ব পুরাতন ভবন বিক্রয় ও অপসারণের জন্য নির্দেশক্রমে নিয়োক্ত কমিটি গঠন করা হলো :

| | | | |
|----|--|---|------------|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সংশ্লিষ্ট সার্কেল | - | আহ্বায়ক |
| ২। | সংশ্লিষ্ট জেলা প্রশাসক এর ১ (এক) জন প্রতিনিধি (১ম শ্রেণীর নিচে নহে) | - | সদস্য |
| ৩। | সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জনের ১ (এক) জন প্রতিনিধি (১ম শ্রেণীর নিচে নহে) | - | সদস্য |
| ৪। | অন্য কোন সরকারি প্রকৌশল সংস্থার ১(এক) জন প্রতিনিধি (১ম শ্রেণীর নিচে নহে) | - | সদস্য |
| ৫। | সহকারী প্রকৌশলী, এইচইডি, বিভাগ সংযুক্ত জেলা | - | সদস্য |
| ৬। | নির্বাহী প্রকৌশলী, এইচইডি, সংশ্লিষ্ট বিভাগ | - | সদস্য সচিব |

কমিটির কর্মপরিধি:

- কমিটি ভবন ব্যবহার অনুপযোগী সংক্রান্ত প্রত্যয়নপত্র প্রদান করবে;
- কমিটি জরিপপূর্বক ভবনের মূল্য নির্ধারণ করবে;
- কমিটির আহ্বায়ক বিদ্যমান পুরাতন ভবন অপসারণের লক্ষ্যে সংশ্লিষ্ট কাগজপত্রাদি এবং কমিটির সিদ্ধান্ত অনুমোদনের জন্য এ বিভাগে প্রস্তাব প্রেরণ করবে। এ বিভাগের অনুমোদনক্রমে কমিটি স্থাপনা ভাঙা ও অপসারণের পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।


(মুহাম্মদ শাহাদত খন্দকার)
উপসচিব
ফোন-৯৫৭৭৯৮৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কারওয়ান বাজার, ঢাকা
- ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা [তঁাকে সকল জেলা প্রশাসক কার্যালয়, সিভিল সার্জন কার্যালয়, সরকারি প্রকৌশল সংস্থার কার্যালয়, এইচইডি'র সকল সার্কেল অফিস, বিভাগীয় অফিস, জেলা অফিস বরাবর পত্রটি পৃষ্ঠাঙ্কন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।]
- ৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় [পত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৮। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়